



ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় ৩ মার্কিন সেনা নিহত: পেন্টাগন



সংগৃহীত ছবি

ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ হামলার পর ইরানে ব্যাপক ক্ষয়ক্ষতির খবর আসে। ওই অভিযানে দেশটির সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হওয়ার দাবি ওঠে। এর জবাবে ইরানের পাল্টা হামলায় তিনজন মার্কিন সেনা নিহত হয়েছেন বলে জানিয়েছে রয়টার্স ও আল-আরাবিয়া। মার্কিন প্রতিরক্ষা দপ্তর পেন্টাগন রোববার (১ মার্চ) জানায়, ইরানবিরোধী অভিযানের সময় যুক্তরাষ্ট্রের তিন সেনা সদস্য যুদ্ধে নিহত হয়েছেন এবং পাঁচজন গুরুতর আহত হয়েছেন। তবে হামলার স্থান বা বিস্তারিত পরিস্থিতি প্রকাশ করা হয়নি। এর আগে শনিবার (২৮ ফেব্রুয়ারি) যুক্তরাষ্ট্র ইরানের বিভিন্ন স্থাপনায় ব্যাপক বিমান হামলা চালায়। সেই ঘটনার পর থেকেই উত্তেজনা বাড়তে থাকে। মার্কিন বাহিনীর মধ্যে এটিই প্রথম আনুষ্ঠানিক হতাহতের ঘোষণা।

LENS ASIA